



৩০ ২০০২

ভিসি ও প্রক্টরের অপসারণ চাই

বিরোধীদলীয় চিফ হুইপ

যুগান্তর রিপোর্ট

বিরোধীদলীয় চিফ হুইপ উপাধ্যক্ষ আবদুল শহীদ ঢাকা বিশ্ববিদ্যালয়ের শামসুন্নাহার হলে রাতের অন্ধকারে পুলিশি হামলা এবং পরবর্তী সময়ে ক্যাম্পাসে সংঘটিত ঘটনাবলীকে ন্যাকারজনক অভিহিত করে বলেছেন, বিশ্ববিদ্যালয় প্রশাসনের মদদেই এসব ঘটনা ঘটেছে। তিনি ঢাকা বিশ্ববিদ্যালয়ের এই নজিরবিহীন ঘটনার জন্য ভিসি ও প্রক্টরকে অভিযুক্ত করে বলেন, এ ঘটনার পর এক মুহূর্তও তাদের অপসারণ : পৃষ্ঠা : ১৩ কলাম : ৬

অপসারণ : চাই

(৩য় পৃষ্ঠার পর)

দায়িত্ব পালনের নৈতিক অধিকার নেই। তারা বিশ্ববিদ্যালয়ের ঐতিহ্য রক্ষায় এবং ছাত্রছাত্রীদের নিরাপত্তা দিতে ব্যর্থ হয়েছেন। তিনি ভিসি ও প্রক্টরের অপসারণ এবং শাস্তি দাবি করে বলেন, এত বড় ঘটনা ঘটল, তিন তিনটি তদন্ত কমিটি হল, তারপরও সরকার বলছে, তদন্তের ফলাফলের ভিত্তিতে ব্যবস্থা নেয়া হবে। এজন্য সরকারকে একদিন জনগণের কাঠগড়ায় দাঁড়াতে হবে। গতকাল সোমবার দুপুরে জাতীয় সংসদ ভবনে বিরোধীদলীয় নেতার কার্যালয়ের সম্মেলন কক্ষে আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে বিরোধীদলীয় চিফ হুইপ একথা বলেন। তিনি বলেন, জোট সরকার বিশ্ববিদ্যালয়ের পরিস্থিতি নিয়ন্ত্রণে ব্যর্থ হয়েছে। প্রধানমন্ত্রীকে এ ঘটনার দায়দায়িত্ব বহন করতে হবে। সাংবাদিক সম্মেলনে আওয়ামী লীগের এমপি তালুকদার আবদুল খালেক, কর্নেল (অব.) ফারুক খান, আভিউর রহমান আতিক ও মির্জা আজম বক্তব্য রাখেন। উপাধ্যক্ষ শহীদ দেশের বন্যা পরিস্থিতিতে

উদ্বেগ প্রকাশ করে বলেন, সরকার কোথাও কোন ধরনের ত্রাণ তৎপরতা চালাচ্ছে না। সরকার বন্যার্তদের দুর্ভোগ লাঘবে কোন পদক্ষেপ গ্রহণ করছে না। তিনি বন্যার্তদের সাহায্য করা এবং নদীভাঙনে সর্বস্বহারা মানুষদের পুনর্বাসনের জন্য সরকারের প্রতি জোর দাবি জানান। বিরোধীদলীয় চিফ হুইপ আওয়ামী লীগের প্রবীণ এমপি কর্নেল (অব.) শওকত আলীর অবিলম্বে মুক্তি ও তার বিরুদ্ধে দায়েরকৃত মিথ্যা মামলা প্রত্যাহারের দাবি জানান। তিনি তিনজন অস্থায়ী বিচারপতিকে স্থায়ী না করে নতুন করে বিচারপতি নিয়োগের ব্যাপারে বলেন, এর পেছনে দলীয় কোন দৃষ্টিভঙ্গি কাজ করছে কিনা ভেবে দেখা দরকার। উপাধ্যক্ষ শহীদ বলেন, দীর্ঘ আট মাসেও সংসদীয় কমিটি গঠন হল না, সংসদ কার্যকর হবে কি করে। তিনি সদস্য সংখ্যানুপাতে বিরোধী দলকে কমিটির সভাপতি পদ প্রদানের দাবি পুনরুদ্ধার করে বলেন, গত ফেব্রুয়ারি মাসে এ ব্যাপারে তিনি চিফ হুইপকে চিঠি দিয়েছেন, যার উত্তর আজও পাননি। বিরোধীদলীয় চিফ হুইপ তার সাংবাদিক সম্মেলনে বেসরকারি টিভি চ্যানেলের ক্যামেরাম্যানদের আসতে না দেয়ার সমালোচনা করে বলেন, এ সরকার স্বাধীনভাবে মত প্রকাশের ওপর নগ্ন হস্তক্ষেপ করছে। কর্নেল (অব.) ফারুক খান এমপি বলেন, ঢাকা বিশ্ববিদ্যালয়ের সাম্প্রতিক ঘটনাবলী ছাত্র ও শিক্ষক রাজনীতি নিষিদ্ধ করার অংশ হিসাবেই সরকারি পরিকল্পনায় সংঘটিত হয়েছে। তিনি বলেন, সরকার একদিকে শিক্ষক রাজনীতি বন্ধের কথা বলছে, অন্যদিকে বিশ্ববিদ্যালয়সহ শিক্ষাস্থানে দলীয়করণ করছে।